

৩০ সেপ্টেম্বর ২০০৮, মঙ্গলবার

## যায়যায়দিন

### এ বছরই ক্লাস শুরু করতে প্রশাসনের দৌড়ঝাঁপ

আবদুল হাফিজ রংপুর

২০০৮-০৯ শিক্ষাবর্ষ হতে রংপুর বিশ্ববিদ্যালয়ের ক্লাস চালু করতে জেলা প্রশাসনের পক্ষ থেকে স্থান নির্বাচন করা হচ্ছে। এরই মধ্যে তারা রংপুর টিচার্স ট্রেনিং কলেজ পরিদর্শন করে মোটামুটি স্থান নির্বাচন করে রেখেছেন। এর চেয়ে আরো ভালো জায়গা পাওয়া যায় কি না তাও তারা দেখছেন। স্থান নির্বাচন সম্পন্ন হলে এ সংক্রান্ত একটি প্রতিবেদন তারা শিগগিরই শিক্ষা মন্ত্রণালয়ে পাঠিয়ে দেবেন।


জেলা প্রশাসক ও রংপুর বিশ্ববিদ্যালয় সমন্বয় পরিষদ সূত্র জানায়, এ সংক্রান্ত একটি চিঠি শিক্ষা

মন্ত্রণালয় থেকে জেলা প্রশাসকের কাছে এসেছে। এ চিঠির সূত্র ধরে গত বৃহস্পতিবার রংপুর টিচার্স ট্রেনিং কলেজ পরিদর্শন করেন সরকারি ও বেসরকারি

পরিদর্শকের গণ্যমান্য ব্যক্তিরা। তাদের মধ্যে ছিলেন রংপুর জেলা প্রশাসক আবদুল আহাদ, রংপুর আইনজীবী সমিতির সাধারণ সম্পাদক বদরুল ইসলাম চুন্নু, রংপুর বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন সমন্বয় পরিষদের আহ্বায়ক ড. রেজাউল হক ও অ্যাডভোকেট এম এ বাশার টিপু। তারা সেখানকার স্টেট-বড্ড মিলে ১০টি কক্ষ নির্বাচন করেন। তবে তারা জানান, এর চেয়েও ভালো জায়গা পেলে সেটি মন্ত্রণালয়ে জানানো হবে। তা না হলে টিচার্স ট্রেনিং কলেজেই ক্লাস শুরু করবেন তারা। শিক্ষা মন্ত্রণালয় থেকে চূড়ান্ত অনুমোদন এলে ঈদের পরই শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব (বিশ্ববিদ্যালয় শাখা) শফিকুল আলমের নেতৃত্বে তিন সদস্যের উচ্চ পর্যায়ের দল রংপুর আসবে। সে সময় এ দলটি ক্লাস শুরুর স্থান পরিদর্শন করে মন্ত্রণালয়ে রিপোর্ট দেবে। তারিখ

নির্ধারণ করে শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিব্বুর রহমান রংপুর সফরে এসে বিশ্ববিদ্যালয়ের প্রকল্প পরিচালক ও উপাচার্য নিয়োগের ঘোষণা দেবেন বলে সূত্র জানায়।

এদিকে দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ভর্তি কার্যক্রমের সময় যতোই ঘনিষ্ঠ আসছে ততোই রংপুরের সর্বস্তরের মানুষের মধ্যে সংশয় বাড়ছে- আদৌ রংপুরের বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন হবে কি না। ভুক্তভোগীরা জানান, বিগত আওয়ামী লীগ সরকারের আমলে রংপুরে প্রযুক্তি বিশ্ববিদ্যালয় করার ঘোষণা দেয়া হলেও



রংপুর  
বিশ্ববিদ্যালয়

জেট সরকারের আমলে তা তুলে নেয়া হয়। এ জন্য রংপুরের মানুষের বিগত সরকারগুলোর প্রতি ক্ষোভ কম নয়। এভাবেই অবহেলিত রংপুরের উন্নয়ন বাধাগ্রস্ত করা হয়েছে। এ জন্য রংপুর বিশ্ববিদ্যালয় পুরোপুরি বাস্তবায়ন না হওয়া পর্যন্ত কেউ তা বিশ্বাস করতে পারছেন না। উল্লেখ্য, এ বছর ৩ মার্চ রংপুরে উপদেষ্টা পরিষদের বৈঠক হয়। এ বৈঠক শেষে স্থানীয় সার্কিট হাউসে প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ সাংবাদিকদের এক ব্রিফিংয়ে রংপুরে পূর্ণাঙ্গ স্বতন্ত্র পাবলিক বিশ্ববিদ্যালয় করার ঘোষণা দেন। পরে উপদেষ্টা পরিষদের বৈঠকে তা অনুমোদন করা হয়। জুলাইয়ের দিকে শিক্ষা উপদেষ্টা ড. হোসেন জিব্বুর রহমান রংপুর সফরে এসে ২০০৮-০৯ শিক্ষাবর্ষ থেকে ক্লাস শুরুর ঘোষণা দেন।